



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-বিএসইসি/প্রশাসন/প্রশাসন/২০:০১/(অংশ-১১/১৯৯৩- ২৭৭২

তারিখ: জুন ১৫, ২০১৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিম্নোক্ত শূণ্য পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে:

- ১। পদের নাম : (ক) উপ-পরিচালক।
(খ) ব্যক্তিগত কর্মকর্তা।
- ২। বেতন স্কেল
(ক) উপ-পরিচালক : জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ২২২৫০-৯০০*১০-৩১২৫০/-টাকা বেতন ও তৎসহ প্রদেয় অন্যান্য ভাতাদি।
(খ) ব্যক্তিগত কর্মকর্তা : জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ৮০০০-৪৫০*৭-১১১৫০-ইবি-৪৯০*১১-১৬৫৪০ টাকা বেতন ও তৎসহ প্রদেয় অন্যান্য ভাতাদি।
- ৩। শিক্ষাগতযোগ্যতা
(ক) উপ-পরিচালক : স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ফিন্যান্স, ব্যবসা প্রশাসন, হিসাব রক্ষণ, ব্যবস্থাপনা, অর্থনীতি অথবা পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণীর ৪ বছর মেয়াদী স্নাতক সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার্টার্ড একাউন্টেন্ট ইন্টার বা কষ্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট বা সমমানের যোগ্যতা বা সার্টিফিকেটসহ কোন সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ১০(দশ) বৎসরের চাকুরী অথবা কোন প্রতিষ্ঠিত বেসরকারী আর্থিক বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের নির্বাহী হিসাবে ১০(দশ) বৎসরের চাকুরী।
(খ) ব্যক্তিগত কর্মকর্তা : স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীর ৪ বছর মেয়াদী স্নাতক সম্মানসহ ইংরেজী ও বাংলা সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৬০ শব্দের গতিসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।
- ৪। বয়স :
(ক) উপ-পরিচালক : জুলাই ৩১, ২০১৪ তারিখে বয়স অনূর্ধ্ব ৪০ বছর।
(খ) ব্যক্তিগত কর্মকর্তা : জুলাই ৩১, ২০১৪ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

আগ্রহী প্রার্থীদেরকে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, সর্ভশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, নিজ জেলা ইত্যাদি সম্বলিত আবেদনপত্র আগামী ৩১/০৭/২০১৪ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার (১৬তম তলা), ১০ দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা প্রদান করিতে হইবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হইবে না। সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। উভয় পদের জন্য আবেদনপত্র কমিশনের Website: <http://www.secbd.org> হইতে Download করিয়া পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হইবে। এছাড়াও কমিশন কার্যালয় হইতেও আবেদনপত্র সংগ্রহ করা যাইবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য করা হইবে। কোন প্রকার তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। শুধুমাত্র “শর্টলিষ্টেড” প্রার্থীদের পরীক্ষার জন্য ডাকা হইবে।

জালাল উদ্দিন আহমেদ
সহকারী পরিচালক (প্রশাসন) -

(Signature)